

# মাধ্যমিক পরীক্ষার প্রস্তুতিতে মক টেস্ট

নিজস্ব সংবাদদাতা, হুগলি : মাধ্যমিক পরীক্ষার আগেই ছাত্রছাত্রীদের ভালভাবে পরীক্ষার প্রস্তুতি নেওয়ার জন্য মক টেস্টের ব্যবস্থা করল উত্তরপাড়া কোতরং পুরসভা। গত ৩, ৪ ও ৫ জানুয়ারি তিনদিনব্যাপী এই মক টেস্টে ব্যাপক সাড়া দেয় ছাত্রছাত্রীরা। মূলত ইংরেজি, ভৌতবিজ্ঞান ও অঙ্কের উপর এই মক টেস্ট হয়। উত্তরপাড়া শহরের ২২টি

আগে পরীক্ষার প্রস্তুতি ঠিকঠাক হয়েছে কিনা সে সম্পর্কে একটা সম্যক ধারণা হল তাঁদের ছেলেমেয়েদের। শুধু তাই নয়, বড় পরীক্ষায় বসার আগে একটা মনে মনে ভয় থাকে। সেই দিক থেকে এই মক টেস্ট সেই ভীতি কাটাতে অনেকটাই সাহায্য করবে বলে জানান অভিভাবকরা। এ বিষয়ে উত্তরপাড়া কোতরং পুরসভার চেয়ারম্যান দিলীপ যাদব জানান, একটা



মক টেস্ট দিচ্ছে ছাত্রীরা। রবিবার।

—দিব্যান্দু মজুমদার।

স্কুলের হাজারের বেশি ছাত্রছাত্রী এই মক টেস্ট পরীক্ষায় বসে। বিভিন্ন স্কুলের অভিজ্ঞ শিক্ষক শিক্ষিকা দ্বারা প্রশ্নপত্র তৈরি করা হয়। উত্তরপাড়া অমরেন্দ্র বিদ্যাপীঠ, উত্তরপাড়া ইউনিয়ন গার্লস হাই স্কুল, উত্তরপাড়া গার্লস হাই স্কুল ও উত্তরপাড়া রাষ্ট্রীয় উচ্চ বিদ্যালয়ে পরীক্ষার সিট পড়ে। তবে উত্তরপাড়ায় বসবাসকারী যেসকল ছাত্রছাত্রী পুর এলাকার বাইরে অন্য কোনও স্কুলে পড়াশোনা করে তাদেরও এই মক টেস্ট পরীক্ষায় বসার সুযোগ করে দেওয়া হয়। পুরসভার পক্ষ থেকে এই মক টেস্টের আয়োজনকে স্বাগত জানিয়ে অভিভাবকরা জানান, আসল পরীক্ষার

শহরের নতুন প্রজন্মের ছেলেমেয়েরা শিক্ষিত না হলে সেই শহরটা সর্বাঙ্গীন সুন্দর হতে পারে না। সেক্ষেত্রে মাধ্যমিক পরীক্ষার্থীরা যাতে ভালভাবে পরীক্ষায় উত্তীর্ণ হয়ে উচ্চশিক্ষায় সুযোগ নিতে পারে তার জন্যই এই উদ্যোগ। এই মক টেস্টের রেজাল্ট বেরনোর পর যে যে ছাত্রছাত্রী যে বিষয়ে দুর্বল দেখা যাবে তাদের দুর্বলতা কাটিয়ে আরও ভালভাবে তৈরি করার জন্য সংশ্লিষ্ট স্কুলের শিক্ষক-শিক্ষিকাদের কাছে আবেদন জানানো হবে। এছাড়া আগামিদিনে উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের জন্যও পুরসভার পক্ষ থেকে মক টেস্ট করার পরিকল্পনা রয়েছে বলে জানান তিনি।

গার  
ক

বয়ে হাওড়া  
যোগাযোগ  
লক জানান,  
গা দিয়েছে।  
এই লোগো  
ববার রাতের  
তির কোনও  
গার সকালে  
মোড়ে গিয়ে  
শ কিছু লরি  
কল লোগোর  
য় যাতায়াত  
ক প্রশ্ন করা  
উত্তর মেলে  
শর লোগো  
য়েছে? তার  
নি ওই লরি

